

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বস্ত্র অধিদপ্তর
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
বিটিএমসি ভবন(১০ম তলা)
৭-৯, কাওরান বাজার, ঢাকা-১২১৫।

স্মারক নং-২৪.০২.০০০০.০০১.১৮.০৪.১৪.-৫৭

তারিখ ০১ অক্টোবর ২০১৯ খ্রিঃ।

শেখ রাসেল টেক্সটাইল ইন্সটিটিউট মাদারগঞ্জ, জামালপুর স্থাপন প্রকল্পের পরিদর্শন প্রতিবেদন।

গত ২৮/০৯/২০১৯ খ্রিঃ তারিখে শেখ রাসেল টেক্সটাইল ইন্সটিটিউট মাদারগঞ্জ, জামালপুর স্থাপন প্রকল্পটি পরিদর্শন করা। প্রকল্পটি মাদারগঞ্জ উপজেলার জামালপুর মাদারগঞ্জ মহাসড়কের সংলগ্ন বাস্তবায়িত হচ্ছে। প্রকল্পটির প্রাক্কলিত ব্যয় ১০১১৬.৩৫ লক্ষ টাকা। মেয়াদ কাল জানুয়ারি/১৫ থেকে ডিসেম্বর/২০১৯ পর্যন্ত (১ম সংশোধিত)। বিভিন্ন স্থাপনা ও ব্যয় বৃদ্ধি সহ প্রকল্পটির মেয়াদ ডিসেম্বর/২০২১ পর্যন্ত বৃদ্ধি করা হয়েছে। আগষ্ট/২০১৯ পর্যন্ত প্রকল্পের মোট ক্রমপুঞ্জিত ব্যয় ৪০২৫.৬৭৪ লক্ষ টাকা। গণপূর্ত বিভাগ জামালপুর প্রকল্পটি বাস্তবায়ন করছে। পরিদর্শন কালে অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) জামালপুর, প্রকল্প পরিচালক, নির্বাহী প্রকৌশলী ও উপ-সহকারী প্রকৌশলী গণপূর্ত বিভাগ জামালপুর। এছাড়া গণপূর্ত বিভাগ জামালপুর নিযুক্ত ঠিকাদারি প্রতিষ্ঠানের লোকজন উপস্থিত ছিলেন।

পরিদর্শন কালে গণপূর্ত বিভাগ জামালপুরের উপস্থাপনায় উল্লেখ করা হয় যে, প্রকল্পটির ১৭টি অংগের চুক্তি স্বাক্ষরিত হয়েছে। অংগভিত্তিক কাজের অগ্রগতি নিম্নে বর্ণিত হলোঃ

ক্রঃ নং	কাজের নাম	দরপত্র মূল্য	বরাদ্দকৃত টাকা	আর্থিক অগ্রগতি	বাস্তব অগ্রগতি
০১	একাডেমিক ভবন কাম প্রশাসনিক ভবন (৬তলা ভিতে ৪ তলা ভবন)	৫১০.০৪	৫০৯.৮৩	৯৯.৯৬%	৯৭%
০২	ছাত্রী হোস্টেল (১০০ সিট) (৬তলা ভিতে ৪ তলা ভবন)	২৬১.৮০	২৫৬.০০	৯৭.৭৮%	৯৯%
০৩	ছাত্র হোস্টেল (২০০) (৬তলা ভিতে ৪ তলা)	৭৪৯.৭৩	৭৪৯.০০	৯৯.৯০%	৯৭%
০৪	স্টাফ ডরমিটরি (৬তলা ভিতে ৪ তলা ভবন)	২২৪.২৮	২০৯.৭৫	৯৩.৫২%	৯৭%
০৫	স্টাফ কোয়ার্টার (৬তলা ভিতে ৪ তলা ভবন)	৩৫৭.১২	৩৫৫.২০	৯৯.৪৬%	৯৮%
০৬	প্রিন্সিপাল কোয়ার্টার (২তলা ভিতে ২ তলা ভবন)	৮৪.৮৪	৮০.০০	৯৪.৩০%	৯২%
০৭	কটন স্পিনিং শেড ভবন (২তলা ভিতে ২ তলা ভবন) কটন ও জুট	৭৭৫.৮৪	৪৩৫.০০	৫৬.০৭%	৪০%
০৮	ভূমি উন্নয়ন (৭ একর)	৩৪৬.২৮	১৮২.০০	৫২.৫৬%	৭৫%
০৯	অফিসার্স ডরমিটরী (৬তলা ভিতে ৬ তলা ভবন)	২৩৮.৩৫	৫০.০০	২০.৯৮%	২০%
১০	উইডিং শেড (২তলা ভিতে ২ তলা ভবন)	৬৪২.৯৬	২৩৬.০০	৩৬.৭১%	৩০%
১১	ডায়িং শেড (২ তলা ভিতে ২ তলা ভবন)	৩০০.৪২	১৫০.০০	৪৯.৯৩%	৪০%
১২	বাউন্ডারী ওয়াল (৩ সাইট)	১৮২.৮২	৩০.০০	১৬.৪১%	৬%
১৩	ওয়ার্কশপ কাম লাইব্রেরী (২তলা ভিতে ২ তলা ভবন)	২৫৬.৫৭	৬৫.০০	২৫.৩৪%	৩০%